

চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী অংশ নেবে। আগামী ১ নভেম্বর থেকে এই পরীক্ষা শুরু হয়ে চলবে ১৫ নভেম্বর পর্যন্ত। গতকাল সোমবার সচিবালয়ে জেএসসি ও জেডিসি পরীক্ষা ২০১৮ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবার দুই হাজার ৯০৩টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট পরীক্ষার্থীর মধ্যে ১৪ লাখ ৪৬ হাজার ৬০১ জন ছাত্রী এবং ১২ লাখ ২৩ হাজার ৭৩২ জন ছাত্র। ছাত্রদের থেকে এবার দুই লাখ ২২ হাজার ৮৬৯ জন ছাত্রী বেশি। আট বোর্ডের অধীনে এবার জেএসসিতে ২২ লাখ ৬৭ হাজার ৩৪৩ জন এবং মাদরাসা বোর্ডের অধীনে জেডিসিতে চার লাখ দুই হাজার ৯৯০ জন পরীক্ষায় অংশ নেবে। এ ছাড়া বিদেশের ৯টি কেন্দ্রে ৫৭৮ জন জেএসসি পরীক্ষার্থী অংশ নিচ্ছে। গত বছরের চেয়ে এবার পরীক্ষার্থী বেড়েছে দুই লাখ এক হাজার ৫১৩ জন।

শিক্ষামন্ত্রী বলেন, সব পরীক্ষার্থীকে নির্ধারিত সময়ের ৩০ মিনিট আগে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে হবে। আর কোন সেটে পরীক্ষা হবে তা পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে নির্ধারণ করতে হবে। এবারও বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া অন্য সব বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্নে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষাকেন্দ্রের ২০০ মিটারের মধ্যে শিক্ষক, ছাত্র, কর্মচারীরা মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না।

মন্ত্রী বলেন, জেএসসি-জেডিসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত কোচিং সেন্টার বন্ধ থাকবে। এ ছাড়া প্রশ্ন ফাঁস রোধে সব সংস্থার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি এরই মধ্যে তাদের নজরদারি শুরু করেছে।

সংবাদ সম্মেলনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক, মাদরাসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এ কে এম ছায়েফ উল্যাসহ শিক্ষা মন্ত্রণালয়ের উপর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,  
 নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,  
 ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।  
 বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com